



তারিখ 12 MAR 1989
পৃষ্ঠা... ৪২

১৫

ছাত্রদল ছাত্রের সংঘর্ষ আনোয়ারা কলেজ বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১১ই মার্চ।--আজ সকালে আনোয়ারা কলেজে দু'দল ছাত্রের সংঘর্ষে ২ জন পুলিশ ও ৭ জন ছাত্রসহ মোট ৯ জন আহত হয়। পরিস্থিতির আরো অবনতির আশংকা কর্তৃপক্ষ অনিদিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

পুলিশ জানায়, সকাল ১০ টার দিকে কলেজ চত্বরে ছাত্রলীগ (স্ব-র) আয়োজিত এক সমাবেশ চলাকালে জাতিয়তাবাদী ছাত্রদের মশত্রু কর্মীরা হামলা চালায়। এতে ছাত্রলীগ কর্মী আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ঘটনাস্থলে যায়। এতে ছাত্রদল কর্মীরা আবেগ বিক্ষুব্ধ হয়ে পুলিশের প্রতি বোমা ও ইট-পাটকেল নিক্ষেপ করে। এতে ২ জন পুলিশ গুরুতর আহত হয়। আহতদের মধ্যে ৫ জনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতাল ও ২ জনকে পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে।